

নং-স্বাস্থ্যকম/শুংখলা-১/১-৩৭/২০০৬/৭০৬

তারিখঃ ০৩.১৪.১৮
০৬.২০১১

আদেশ

যেহেতু জনাব মোঃ আবুল কালাম আজাদ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন পরিদপ্তর, মতিঝিল, ঢাকা গত ০১.০৬.২০০৫ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৫ (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে অনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় অনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে জনাব আবুল কালাম আজাদ-কে সরকারী চাকুরী হতে সেন্স অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;


যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষেত্রে সেহেতু সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (সি) বিধি মোতাবেক জনাব মোঃ আবুল কালাম আজাদ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন পরিদপ্তর, মতিঝিল, ঢাকা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১.০৬.২০০৫ থেকে সরকারী চাকুরী হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রেপত্রিত আদেশক্রমে


(মুহম্মদ হুমায়ুন কারিম)
সচিব


উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ করমস ও প্রশাসনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-স্বাস্থ্যকম/শুংখলা-১/১-৩৭/২০০৬/

তারিখঃ ০৩.১৪.১৮
০৬.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
২. মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্মারী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪. সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-১ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৬. জনাব মোঃ আবুল কালাম আজাদ, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন পরিদপ্তর, মতিঝিল, ঢাকা


(সাগরিকা হাসান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৭১৭২২৫২
sasdisc1@mohfw.gov.bd